

## প্রবাসীদের কুরবানী কখন করা হবে?

### প্রশ্ন:

আমার চাচা লন্ডনে থাকেন, তবে আত্মীয়স্বজনের মাধ্যমে বাংলাদেশে কুরবানী দেন। গত দুই বছর তারা লন্ডনে ঈদের জামাত শেষ হওয়ার পর কুরবানী করেন। ওখানে ঈদের জামাত স্থানীয় সময় ৯-১০ টায় শেষ হলেও বাংলাদেশে তখন দুপুর ২-৩ টা বেজে যায়। জানার বিষয় হলো-এভাবে কুরবানী করা জরুরি?

আমীর হামজা

### উত্তর:

লন্ডন প্রবাসীর কুরবানী বাংলাদেশে করতে হলে, তাদের ঈদের নামায শেষ হওয়ার জন্য অপেক্ষা করা জরুরি নয়; বরং সেখানে দশই যিলহজ সুবহে সাদিক হলেই এখানে তাদের কুরবানী করা যাবে। অবশ্য বাংলাদেশের যেখানে কুরবানী করা হবে, সেখানে ঈদের জামাত শেষ হতে হবে, তার আগে করলে সহীহ হবে না। -ফাতওয়া কাজীখান: (৯/২৪৩) (আলমাকতাবাতুল আশরাফিয়্যাহ); আল-বাহরুর রায়েক: (৮/২০০) (দারুল কিতাবিল

ইসলামী); রদ্দুল মুহতার: (৬/৩১৮) (দারুল ফিকর)

ফাতাওয়া উসমানী: ৪/১০২ (দারুল ইশাআত, করাচী)

والله تعالى أعلم بالصواب

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনল)



২১-০৪-১৪৪৭ হি.

১৪-১০-২০২৫